

চেয়ারম্যানের বিবৃতি

বিসমিল্লাহির রাহমানির রাহীম

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ

আস্সালামু আলাইকুম ওয়া রাহ্মাতুল্লাহ।

দি ইবনে সিনা ফার্মাসিউটিক্যাল ইন্ডাষ্ট্রি লিঃ এর ২৭তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সবাইকে জানাই প্রাণঢালা শুভেচ্ছা ও মোবারকবাদ। আজকের সাধারণ সভায় ২০১০ সালের কোম্পানির আর্থিক অবস্থার বিবরণ, সাফল্য ও অগ্রযাত্রার মূল্যায়ন আপনাদের সামনে পেশ করা হবে, ইনশাআল্লাহ।

আল্লাহর অশেষ মেহেরবানীতে আইপিআই লিমিটেড আরও একটি বছর সফলভাবে সমাপ্ত করতে সক্ষম হয়েছে।

আজকের সভায় আল্লাহপাক আমাকে সুস্থ্যভাবে আপনাদের সাথে উপস্থিত হওয়ার সুযোগ দিয়েছেন। এজন্য তাঁর কাছে শোকরিয়া জানাই।

ব্যবসা পরিচালনায় নীতি ও আদর্শ (Business ethics) বজায় রাখা

ব্যবসায়ের ক্ষেত্রে সর্বোচ্চ নীতিগত আদর্শ বজায় রাখতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আইপিআই একটি আদর্শ করপোরেট সংস্কৃতি অনুসরণ করে চলেছে যেখানে সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ তাঁদের স্ব-স্ব কর্ম ক্ষেত্রে নীতি-নৈতিকতা বজায় রাখতে বদ্ধপরিকর।

বিগত বছরগুলোতে কোম্পানি যেভাবে ব্যবসা পরিচালনায় আদর্শ ও ব্যতিক্রমধর্মী নজির স্থাপন করতে সক্ষম হয়েছে, আশা করি, আগামী দিনগুলোতেও এর বলিষ্ঠ ধারাবাহিকতা অব্যাহত থাকবে। আসছে বছরগুলোতেও ওষুধ শিল্পে আমাদের নেতৃত্বপূর্ণ অগ্রণী ভূমিকা বজায় রাখতে আমরা দৃঢ়প্রত্যয়ী।

সেফালোস্পরিন প্রজেক্ট

সেফালোস্পরিন ওষুধের মার্কেট চাহিদা ও বিশ্বমানের ওষুধ উৎপাদনের লক্ষ্যে ইবনে সিনা ফার্মা একটি অত্যাধুনিক সেফালোস্পরিন প্লান্ট তৈরীর কাজ শুরু করেছে। কারখানাটি আন্তর্জাতিক মান বজায় রেখে নির্মাণের লক্ষ্যে ইবনে সিনা ইতোমধ্যে Therapeutic Goods Administration (TGA) International Accreditation সার্টিফিকেট নিশ্চিত করার জন্য অস্ট্রেলিয়ার "এশিয়া প্যাসিফিক কনসালটেন্ট" এর সাথে চুক্তিবদ্ধ হয়েছে।

রপ্তানী বাজার সম্প্রসারণ

কোম্পানি রপ্তানী কার্যক্রম জোরদার করার নিরলস প্রয়াস অব্যাহত রেখেছে। ২০০৯ অপেক্ষা ২০১০ সনে রপ্তানী আয় বেড়েছে ২৭%। নতুন রপ্তানী বাজার তৈরীর লক্ষ্যে কোম্পানি ফিলিপাইন ও উজবেকিস্তানে দু'টি মেলায় অংশ নিয়েছে। এ সময়ে কোম্পানির দু'টি প্রতিনিধি দল কেনিয়া, উগান্ডা ও তুরস্ক সফর করেন।

বর্তমানে আমরা মায়ানমার, ভিয়েতনাম ও শ্রীলঙ্কায় ব্যবসা পরিচালনা করছি। পরবর্তী বছরে আফ্রিকার বাজার ও ইয়েমেনে প্রবেশ করবো, ইন্শাআল্লাহ। সেলক্ষ্যে কেনিয়ায় একটি ফার্মা প্রোডাক্ট ও পাঁচটি ন্যাচারাল মেডিসিন প্রোডাক্ট ইতোমধ্যে রেজিষ্ট্রেশন সম্পন্ন হয়েছে এবং ইয়েমেনে ওষুধ রেজিষ্ট্রেশন প্রক্রিয়াধীন আছে।

কোম্পানি রপ্তানি কার্যক্রমের সার্বিক অগ্রগতির লক্ষ্যে ২০১১ সনে ওষুধ আরও বেশী সংখ্যক দেশে বাজারজাত করণের পরিকল্পনা গ্রহণ করেছে।

ন্যাচারাল মেডিসিন ফ্যাক্টরী সম্প্রসারণ

ন্যাচারাল মেডিসিনের ক্রমবর্ধমান চাহিদাকে বিবেচনায় রেখে কোম্পানি বর্তমান ফ্যাক্টরী সংলগ্ন আরও ৪,০০০ (চার হাজার) বর্গফুট সম্প্রসারণের কাজে হাত দিয়েছে। এ ছাড়া ভবিষ্যৎ সম্ভাবনাকে বাস্তবায়নের লক্ষ্যে আরও ৫ বিঘা জমি উন্নয়নের উদ্যোগ নেয়া হয়েছে।

সলিড ডোজেজ ফরম (Solid Dosage Form) ফ্যাক্টরী নির্মাণ

আন্তর্জাতিক মান সম্পন্ন USFDA(US Food and Drug Administration), MHRA(Medicines and Healthcare Products Regulatory Agency) স্ট্যান্ডার্ড অনুযায়ী একটি সলিড ডোজেজ ফর্মের ওষুধ তৈরীর ফ্যাক্টরী নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পটি বাস্তবায়ন হলে দেশীয় বাজারের পাশাপাশি যুক্তরাষ্ট্রসহ পৃথিবীর উন্নত দেশগুলোতেও আমাদের ওষুধ রপ্তানী করার সুযোগ সৃষ্টি হবে।

ওষুধের কাঁচামাল তৈরীর কারখানা নির্মাণ (Active Pharmaceutical Ingredient Factory)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কেন্দ্রীয়ভাবে ওষুধের কাঁচামাল তৈরীর কারখানা নির্মাণের উদ্দেশ্যে ঢাকার অদূরে জমি অধিগ্রহণ করেছে। এখানে সকল অবকাঠামোগত সুযোগ সুবিধা সৃষ্টি করা হবে, যাতে আগ্রহী প্রতিষ্ঠান সমূহ API Factory নির্মাণ করতে পারে।

আইপিআই উক্ত API Park এ ১০ বিঘা জমি বরাদ্দের আবেদন করেছে। সেখানে ওষুধের কাঁচামাল তৈরীর কারখানা স্থাপনের উদ্যোগ নেয়া হবে, ইনশাআল্লাহ।

ব্যবসা বহুমূখীকরণ (Business Diversification)

কোম্পানি বর্তমান পর্যায়ে এ্যালোপ্যাথিক ও ন্যাচারাল মেডিসিন প্রস্তুত ও বাজারজাত করার কাজে নিয়োজিত রয়েছে। ভোক্তাসাধারণের চাহিদার কথা বিবেচনা করে এ প্রতিষ্ঠান গুণগত মানের প্রসাধন সামগ্রী (Cosmetics products) ও খাদ্যসামগ্রী (Food products) তৈরীর প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে। আশা করি, এক্ষেত্রেও ইবনে সিনা গ্রুপ একটি আদর্শ দৃষ্টান্ত স্থাপন করতে সক্ষম হবে।

স্বীকৃতি

পরিচালকমন্ডলী, কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের যোগ্যতা, কর্মদক্ষতা, কর্মস্পৃহা ও শেয়ারহোল্ডারগণের পরামর্শকে গুরুত্ব সহকারে মূল্যায়ন করেন এবং একে অগ্রগতি ও সাফল্য অর্জনের মূল চালিকা শক্তি হিসেবে গণ্য করেন।

পরিশেষে কোম্পানির ভবিষ্যৎ অগ্রগতি ও উন্নতির জন্য সর্বশক্তিমান আল্লাহ পাকের দরবারে মোনাজাত করছি। আমিন।

Mujibur Rahman

(এডভোকেট মুজিবুর রহমান)

Statement by the Chairman

Bismillahir Rahmanir Raheem

Distinguished Shareholders,

Assalamu Alaikum Wa Rahmatullah.

We have the pleasure to welcome you on behalf of the Board of Directors at the 27th Annual General Meeting of the Ibn Sina Pharmaceutical Industry Ltd. On this auspicious occasion, We are going to present before you the company's financial position of the year 2010, the achievements and a review of gradual development of company, Insha-Allah.

By the grace of Almighty Allah, IPI Ltd. had been able to complete another year of success.

I have been able to appear before you today with a good health for which I express my gratitude to the almighty Allah.

Upholding the Business Ethics and Ideals:

We are committed to maintain the highest ethics and ideals in our business. The IPI is following a corporate culture where the officers and employees are firmly determined to maintain high morality and ideals in their respective fields.

In the past years the company succeeded in setting examples of unparallel ethics in running the business and we hope IPI will be able to continue the same path in the coming years. We are determined to play a leading and forward role in the field of pharmaceutical industries in the years to come.

Cephalosporin Project:

In order to meet the local market demand and to produce world class medicine the IPI has started the construction work of a modern Cephalosporin Plant. To build the plant in an international standard the IPI has already signed a contract with M/s. "Asia Pacific Consultants" for obtaining certificate of Therapeutic Goods Administration(TGA) International accreditation.

Expansion of Export Market:

The company has been constantly trying to increase the export activities. The export earning of 2010 year was 27% higher than that of 2009. For exploring new markets the company participated in two pharma fairs in Philippines and in Uzbekistan. Company's two delegations visited Kenya, Uganda and Turkey in this year.

At present we are doing business in Myanmar, Vietnam and Sri Lanka. In the next year, we hope to enter in the African and Yemen markets. Insha-Allah.

To achieve this, the registration process of one Pharma and five Herbal medicines have been completed in Kenya and registration process in Yemen is under way. Company has made a plan of overall progress of export by marketing of medicine to more countries in the year of 2011.

Expansion of Natural Medicine Factory:

Considering the increasing demand for Natural Medicine the company has undertaken a plan to develop 4000 sft area for expansion of the natural medicine factory. Moreover, to meet the future need additional five Bighas land is also being developed soon.

Construction of Factory for Solid Dosage:

A plan has been undertaken to build a factory for Solid Dosage form medicine as per international standard, USFDA(US Food & Drug Administration) and MHRA(Medicine & Health Care Products Regulatory Agency). The materialization of this project will create new avenues of exporting our medicine to developed countries of the world including the USA and will also boost up local market.

Construction of factory to manufacture of raw materials for medicine (Active Pharmaceutical Ingredient Factory):

The Government of the Peoples Republic of Bangladesh has acquired a land for establishment of factories to manufacture of raw materials for medicines. All infrastructural facilities will be provided at that place so that intending companies may build API factories there.

IPI has applied for getting allotment of 10 bighas of land at the API Park. Steps will be taken to establish API factory. In-Sha-Allah.

Business Diversification:

The company is at present engaged in manufacturing and marketing of allopathic and natural medicine. Considering the demand of consumers this organization is actively considering to build projects for manufacturing quality Cosmetics and Food Products. We hope the Ibn Sina Group will succeed in creating an example in this field also.

Recognition:

The Board of Directors appreciates the ability, efficiency and spirits of all levels of employees and officers of the company. The advices and guidelines of the shareholders are given due importance and acknowledges this as the prime driving force behind the success and achievement of IPI.

Finally, I fervently appeal to the Almighty Allah to bless us with progress and development of the company. Ameen.

Advocate Muzibur Rahman

Chairman, IPI.

পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহীম

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ।

কোম্পানির পরিচালকমন্ডলীর পক্ষ থেকে আপনাদের সবাইকে ২৭তম বার্ষিক সাধারণ সভায় আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানাচ্ছি। গত ৩১ ডিসেম্বর, ২০১০ তারিখে সমাপ্ত অর্থ বছরের কার্যক্রমের ওপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং নিরীক্ষক কর্তৃক নিরীক্ষিত হিসাব, ব্যালান্স শীট, আয়-ব্যয়ের বিবরণী ও নগদ অর্থ প্রবাহের বিবরণী আপনাদের মূল্যবান দিক নির্দেশনা, মতামত ও সদয় বিবেচনার জন্য পেশ করা হল। ২০১০ সালে কোম্পানির ব্যবসায়িক সাফল্যের জন্য মহান রাব্বুল আলামীনের দরবারে শুকরিয়া আদায় করছি।

মূল কার্যক্রম

যথারীতি কোম্পানির প্রধান কার্যক্রম ছিল সর্বোচ্চ মান সম্পন্ন এ্যালোপ্যাথিক, ইউনানী ও হারবাল ওষুধ উৎপাদন করে বাংলাদেশসহ বহির্বিশ্বের বিভিন্ন দেশে বাজারজাতকরণের মাধ্যমে আন্তর্জাতিক মানের স্বাস্থ্যসেবা প্রদান।

ব্যবসায়িক পর্যালোচনা

২০১০ সালে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি অব্যাহত থাকে। গ্যাস ও বিদ্যুৎ সংকট আমাদের উৎপাদন কার্যক্রম পরিচালনায় বিরূপ প্রভাব ফেলেছে। এ কারণে বাজার চাহিদা মোতাবেক উৎপাদন চালু রাখতে গিয়ে Night Shift চালু করতে হয়েছে। গত বছরের তুলনায় আলোচ্য বছরে উৎপাদন খাতে খরচ বৃদ্ধি পেয়েছে।কোম্পানির পরিচালক মন্ডলীর গতিশীল নেতৃত্ব ও সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ, কর্মকৌশল এবং সকল পর্যায়ের জনশক্তির সুদৃঢ় মনোবল কোম্পানির অগ্রযাত্রাকে অব্যাহত রাখতে সহায়তা করেছে। নানা প্রতিকূলতা সত্বেও আলোচ্য বছরটি কোম্পানির জন্য ছিল আরেকটি সফলতার বছর। সকল পর্যায়ে প্রবৃদ্ধি অর্জিত হয়েছে।

কোম্পানির ২০১০ সালের EPS দাঁড়িয়েছে ৫৫.৬২ টাকা যা ২০০৯ সালে ছিল ৪৫.৫৯ টাকা (সমন্বিত) এবং আলোচ্য বছরে শেয়ার প্রতি নীট এসেট ভ্যালু ২৪৮.৮৩ টাকা যা ২০০৯ সালে ছিল ২৩৯.৩৪ টাকা। নীট সম্পদ মূল্য (NAV) ২৬৮,৭৩১,১২৯ টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ২১৫,৪১০,২৩৪ টাকা। শেয়ার প্রতি নীট চলতি নগদ প্রবাহ (NOCFPS) ১৩১.১৩ টাকা। যা পূর্ববর্তী বছরে ছিল ৭৬.৯৬ টাকা।

বিক্রয় প্রবৃদ্ধি অর্জন

ইবনে সিনা ফার্মাসিউটিক্যাল ইন্ডাষ্ট্রি লিঃ আলোচ্য অর্থ বছরে বিক্রয় প্রবৃদ্ধির ধারাবাহিকতা বজায় রাখতে সক্ষম হয়েছে। সর্বমোট বিক্রয় অর্জিত হয়েছে ১৬০৫.১৭ মিলিয়ন টাকা, বিগত বছরে বিক্রয় ছিল ১২৭৭.৮৭ মিলিয়ন টাকা। প্রবৃদ্ধির হার ২৫.৬১%। ফার্মা ডিভিশনের বিক্রয় প্রবৃদ্ধির হার ২৩.৪৮% এবং ন্যাচারাল মেডিসিন এর বিক্রয় প্রবৃদ্ধির হার ৪৬.২০%।

আর্থিক ফলাফল

২০১০ সালের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত সার নিম্নরূপ ঃ-

বিবরণ	টাকায়	
	২০১০	২০০৯
করপূর্ব মুনাফা	৮১,৮৩৭,১৭৪	৬১,১২২,৬৩৯
বাদ ঃ আয়কর	২১,৭৬৬,২৭৯	১১,৮৮৮,৯৭৫
কর পরবর্তী মুনাফা	৬০,০৭০,৮৯৫	৪৯,২৩৩,৬৬৪
পূর্ববর্তী বছর পর্যন্ত অবন্টনকৃত মুনাফার জের	৯৬,২৬৮,১২৪	৭১,৭৮৪,৪৬০
বছর শেষে রিটেইন্ড আর্নিংস	১৫৬,৩৩৯,০১৯	১২১,০১৮,১২৪

নতুন ওষুধ বাজারজাতকরণ

ফার্মা বিভাগ

আইপিআই এর অগ্রাধিকারভিত্তিক কার্যক্রমের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ হলো আধুনিক চিকিৎসা বিজ্ঞানের উন্নয়নের সাথে সামঞ্জস্যপূর্ণ উদ্ভাবিত নতুন নতুন প্রোডাক্ট বাজারজাতকরণের মাধ্যমে স্বাস্থ্যসেবায় ভূমিকা পালন। ২০১০ সালে সর্বোচ্চ ২০টি জেনেরিকের মোট ৩৮টি প্রোডাক্ট বাজারজাত করা হয়েছে। উল্লেখ্য ২০০৯ সালে মোট ২৮টি নতুন প্রোডাক্ট বাজারজাত করা হয়েছিল। ২০১০ সালে বাজারজাতকৃত উল্লেখযোগ্য প্রোডাক্টগুলো হলোঃ

সিনাল্যাক (ল্যাকটুলোজ)
নিটাসল (নিটাজক্সানাইড)
ট্যাক্সসেফ (সেফোট্যাক্সিম)
সাইক্লোরিন (সাইক্লোস্পোরিন)
ব্রোমোটেক্স (ব্রমহেক্সিন)

ক্লোরোসেফ (সেফাক্লোর)
মনটেক্স (মনটিলুকাস্ট)
সেফিক্সিম- ৪০০ সেফিক্সিম)
ইরিসিন (মেবেভারিন)
রেভোডিল (কার্ভিডিলোল)

ভাইটালজিন (মাল্টিভিটামিন)
রেকটোভিট (আই ভিটামিন)
ভেন্টেরল (বামবিউটেরল)
মেরোসেফ-৭৫০ (সেফুরক্সিম)
রোমাইসিন-ইডি (এজিথ্রোমাইসিন)